

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৩৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. প্রথম অনুচ্ছেদ - দু' ঈদের সালাত

بَابُ صَلَاةِ الْعِيْدَيْن

আরবী

وَعَنِ الْبَرَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ ذَبَحَ قَبْلَ الصَّلَاةِ فَإِنَّمَا يَذْبَحُ لِنَفْسِهِ وَمَنْ ذَبَحَ بَعْدَ الصَّلَاةِ فَقَدْ تَمَّ نُسُكُهُ وَأَصَابَ سُنَّةَ الْمُسلمين»

বাংলা

১৪৩৭-[১২] বারা (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যে ব্যক্তি (ঈদের) সালাতের আগে যাবাহ করল সে নিজের (খাবার) জন্যই যাবাহ করল। আর যে ব্যক্তি সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের পর যাবাহ করল তার কুরবানী পরিপূর্ণ হলো। সে মুসলিমদের নিয়ম অনুসরণ করল। (বুখারী, মুসলিম)[1]

ফটনোট

[1] সহীহ : বুখারী ৫৫৫৬, মুসলিম ১৯৬১, শারহুস্ সুন্নাহ্ ১১১৩, সহীহ আল জামি' ৬২৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস এবং পূর্বের হাদীস সুস্পষ্ট প্রমাণ করে যাবাহের সময় শুরু হয় সালাতের পরে। আর অপেক্ষা করা হয়নি ইমামের কুরবানী পর্যন্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন